কালী কালী কালী বলো রে আজ
বলো হো, হো হো, বলো হো, হো হো, বলো হো !
        নামের জোরে সাধিব কাজ,
বলো হো, হো, বলো হো, বলো হো !
ওই ঘোর মত্ত করে নৃত্য রঙ্গ মাঝারে,
ওই লক্ষ লক্ষ যক্ষ রক্ষ ঘেরি শ্যামারে,
ওই লট্ট পট্ট কেশ, অট্ট অট্ট হাসে রে;
        হাহা হাহাহা হাহাহা !
আরে বল্ রে শ্যামা মায়ের জয়,জয় জয়,
জয় জয়, জয় জয়, জয় জয়, জয় জয়,
আরে বল্ রে শ্যামা মায়ের জয়, জয় জয়,
আরে বল্ রে শ্যামা মায়ের জয় !

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Dadra, Style: Nancy-Lee
Visit www.geetabitan.com for notation and other detail